

“শিল্পে প্রাকৃতিক গ্যাস,  
গৃহস্থালিতে বিকল্প জ্বালানী”  
“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ  
(বাপেক্স)



বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা

[www.bapex.com.bd](http://www.bapex.com.bd)

জেনারেল এডমিন (অফিসার) শাখা

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.১৮.০০১.১৯.৩৬

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৭  
২৭ এপ্রিল ২০২০

বিষয়: অফিস আদেশ

দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কমূলক ব্যবস্থা হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ২৩ এপ্রিল, ২০২০ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৮০ মূলে চলমান সাধারণ ছুটি আগামী ০৫ মে, ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের অনুষ্টেদ (জ)-তে জরুরী কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ খোলা রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকন্তু, গত ২৫.০৪.২০২০ তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক আহবায়িত **Video Conference** এ বাপেক্স-এর প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশ প্রদান করেন।

এমতাবস্থায়, জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে বর্ণিত ছুটি চলাকালীন সময়ে বাপেক্স কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুরসণপূর্বক সীমিত পরিসরে প্রকল্পের কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-৪-২০২০

মোহাম্মদ আবুল বশর

মহাব্যবস্থাপক

ফোন: ০১৭১৩৩৩৯৮৮৮

ইমেইল: [gadmin@bapex.com.bd](mailto:gadmin@bapex.com.bd)

বিতরণ :

- ১) বাপেক্সের মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানবৃন্দ
- ২) বাপেক্সে এর চলমান প্রকল্পের পরিচালকবৃন্দ ও ডিপিডিবৃন্দ।

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.১৮.০০১.১৯.৩৬/১(২)

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৭  
২৭ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি উপ-বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
- ২) উপ-ব্যবস্থাপক, জেনারেল এডমিন (অফিসার) শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

২৭-৪-২০২০

মোহাম্মদ আবুল বশর

মহাব্যবস্থাপক